কালের কণ্ঠ

তারিখ 25 NOV 2017
পৃষ্ঠা ২ কলাম ৫

# কর্মবিরতির ডাক বিসিএস শিক্ষা ক্যাডারের

**নিজস্ব প্রতিবেদক ▷**

জাতীয়করণ করা কলেজের শিক্ষকদের বিসিএস ক্যাডার পদমর্যাদার শিক্ষকদের সমান পদমর্যাদা ও সুযোগ-সুবিধা না দেওয়ার দাবিতে কর্মবিরতির ডাক দিয়েছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। আগামী ২৬ ও ২৭ নভেম্বর এবং ৬, ৭ ও ৮ জানুয়ারি সারা দেশে কর্মবিরতির ডাক দেওয়া হয়েছে। গতকাল শুক্রবার কেন্দ্রীয় শহীদ মিনারে এই দাবিতে আয়োজিত সমাবেশ থেকে এই ঘোষণা দেন বিসিএস শিক্ষা ক্যাডারের শিক্ষকরা।

সমাবেশে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি মহাসচিব মো. শাহেদুল কবির চৌধুরী বলেন, 'বিধিমালা জারি না করে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন এবং জাতীয় শিক্ষানীতির আলোকে আমাদের যে রিক্রুটমেন্ট রুলস-১৯৮১ এবং ক্যাডার কম্পোজিশন রুলস-১৯৮০ আছে তার ব্যত্যয় ঘটিয়ে কোনো কলেজকে জাতীয়করণ বা সরকারীকরণ যা-ই করা হোক না কেন তাৎক্ষণিকভাবে সারা দেশে শিক্ষা প্রশাসনসহ সব কলেজে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি চলবে।'

দেশের যেসব উপজেলায় সরকারি কলেজ ও মাধ্যমিক বিদ্যালয় নেই, সেখানে একটি করে কলেজ ও মাধ্যমিক বিদ্যালয়কে সরকারি করছে সরকার। সারা দেশে ৩২৫টি বেসরকারি স্কুল এবং ৩১৫টি বেসরকারি কলেজ জাতীয়করণ হচ্ছে।